



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৪.২৩.১২২

তারিখ: ২৯ মাঘ ১৪৩০

১২ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৪৬৭৫/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৪৬৭৫/২০২৩-এর ১৩/১২/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার চৌগাছা পৌরসভাধীন অবৈধ টেংগুরপুর পশু হাট বন্ধকরণ এবং ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলাধীন খালিশপুর পশু হাট চালু করার প্রার্থনার্থে পিটিশনার জনাব মো. তৈয়ব আলী মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪৬৭৫/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুসহ প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দেন। এ মোকদ্দমায় সচিব, ভূমি মন্ত্রণালয়-কে ১নং, স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ২নং, জেলা প্রশাসক, যশোর-কে ৩নং এবং জেলা প্রশাসক, ঝিনাইদহ-কে ৪নং প্রতিপক্ষসহ মোট নয় জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৪৬৭৫/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8354/potrojariAttachmentRef/52813/0/2240)

১২-২-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

বিতরণ :

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৪.২৩.১২২/১(৪)

তারিখ: ২৯ মাঘ ১৪৩০

১২ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)